



আ.লীগের চিঠিতে জাতিসংঘের কোনো পদক্ষেপ হবে না: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় নির্বাচনকে “অন্তর্ভুক্তিমূলক ও বিশ্বাসযোগ্য নয়” দাবি করে জাতিসংঘের কাছে নির্বাচনি সহযোগিতা স্থগিতের আহ্বান জানিয়েছে ক্ষমতায়িত আওয়ামী লীগ। তবে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বলেছেন, এ চিঠির কোনো বাস্তব প্রভাব পড়বে না, জাতিসংঘও এতে পদক্ষেপ নেবে বলে মনে হয় না। বৃহস্পতিবার (৬ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, “আওয়ামী লীগের পাঠানো চিঠি নিয়ে সরকার কোনো উদ্বেগে নেই। এটা শুধু রাজনৈতিক প্রচারণার অংশ মাত্র।”

এর আগে গত শনিবার সাবেক শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) প্রতিনিধি স্টেফান লিলার বরাবর ওই চিঠি পাঠান। চিঠিতে আওয়ামী লীগ জাতিসংঘ ও ইউএনডিপির প্রতি অনুরোধ জানায়—অবাধ ও অংশগ্রহণমূলক নির্বাচনের পরিবেশ তৈরি না হওয়া পর্যন্ত নির্বাচনি সহায়তা স্থগিত রাখতে। একই সঙ্গে দলটি আন্তর্জাতিক সংস্থাটিকে সব রাজনৈতিক দলের মধ্যে জাতীয় সংলাপ ও সমঝোতা উৎসাহিত করার আহ্বান জানায় এবং নির্বাচনি প্রক্রিয়ায় মানবাধিকার ও আইনের শাসনকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার দাবি তোলে।

পররাষ্ট্র উপদেষ্টার মতে, “জাতিসংঘে পাঠানো এ ধরনের চিঠি কূটনৈতিকভাবে তেমন গুরুত্ব পায় না; বরং এটি রাজনৈতিক অবস্থান জানানোর একটি প্রতীকী পদক্ষেপ ছাড়া কিছু নয়।”